

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অতঃপর যে লোক এই ওয়াদা থেকে ফিরে দাঁড়াবে, সেই হবে নাফরমান।

সূরা আল ইমরান ৮২

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

শ্রীমন্ত্রণ সিমেন্ট

ইস্পাতের মজবুত গ্যারান্টি

শ্রীমন্ত্রণ সিমেন্ট

ইস্পাতের মজবুত গ্যারান্টি

সেবা : ০২৯৯০০৬৬৬৬৬৬, ০২৭৯৯০২৭৭০৪

চারদিনের সফরে

২৬ অক্টোবর জাপান

যাচ্ছেন প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

চারদিনের সফরে আগামী ২৬ অক্টোবর জাপান যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ সফরে দুই দেশের দ্বিপাক্ষীয় সম্পর্ক ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রের সংকট সমাধানে

তরুণদের প্রশ্ন ও মতামত

জরুরি: রিজভী

কীর্তনখোলা ডেস্ক

সমাজ ও রাষ্ট্রের বিভিন্ন সংকট চিহ্নিত করে সমাধানের পথ রের করতে তরুণদের মতামত নেওয়া এবং তাদের প্রশ্ন করার ২ এর পাতায় দেখুন

প্রশ্নফাঁসে দায়ীদের চিহ্নিত

করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত

করতে হবে: এনসিপি

কীর্তনখোলা ডেস্ক

যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নিয়োগ পরীক্ষা ঘিরে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ এবং ২ এর পাতায় দেখুন

মোদির পতন দেখার

অপেক্ষায় আছি:

আসিফ নজরুল

কীর্তনখোলা ডেস্ক

অনেকের মতো আমিও মোদির পতন দেখার অপেক্ষায় আছি বলে মন্তব্য করেছেন বিগত অন্তর্বর্তী সরকারের সাবেক ২ এর পাতায় দেখুন

নটরডেম কলেজকে হারিয়ে জাতীয়

পর্যায়ে চ্যাম্পিয়ন হাতেম আলী কলেজ

ফজলে রাব্বি, হাতেম আলী কলেজ নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'বাকম্যানসের চতুর্থ আন্তর্জাতিক ভাষা প্রতিযোগিতা'-এর উচ্চমাধ্যমিক পর্যায়ের বাংলা বিতর্ক বিভাগে জাতীয় পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতায় নটরডেম কলেজকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বরিশালের সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের বিতর্ক দল। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'বাকম্যানসের চতুর্থ আন্তর্জাতিক ভাষা প্রতিযোগিতা'-এর উচ্চমাধ্যমিক পর্যায়ের বাংলা বিতর্ক বিভাগে এ সাফল্য অর্জন করে দলটি। চ্যাম্পিয়ন সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ দলের সদস্যরা হলেন- সাইফ সালাহউদ্দীন (দলনেতা), হাসিবুর রহমান রাজা, মোসা, জোবায়দা আক্তার জেরীন প্রতিযোগিতার ফলাফল অনুযায়ী, নটরডেম কলেজ প্রথম রানারআপ এবং চতুর্থমাত্র বন্দর কলেজ দ্বিতীয় রানারআপ হয়েছে। সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের এ সাফল্য শিক্ষার্থীদের যুক্তিনির্ভর জ্ঞানচর্চা, ভাষাগত ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুসহ মশাবাহীত রোগ প্রতিরোধে বরিশাল সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীতে জনসচেতনতামূলক পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান

মৌসুমি বায়ুর বিদায়ে দিনে গরম ও

রাতে ঠান্ডা, ব্যাপক স্বাস্থ্যঝুঁকির শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক দেশ থেকে বিদায় নিতে শুরু করছে মৌসুমি বায়ু বা বর্ষা। আগামীকাল ১১ অক্টোবর থেকে দেশের উত্তর-পশ্চিম অঞ্চল দিয়ে আনুষ্ঠানিকভাবে এই বিদায় প্রক্রিয়া শুরু হবে, যা পর্যায়ক্রমে ছড়িয়ে পড়বে অন্যান্য অঞ্চলেও। উত্তর-পশ্চিমাঞ্চল দিয়ে প্রক্রিয়া শুরুর পরপরই দেশের বেশিরভাগ অঞ্চলে বর্ষাকালীন বৃষ্টিপাত প্রায় পুরোপুরি বন্ধ হয়ে যাওয়ার জোরালো সম্ভাবনা রয়েছে। শনিবার (১০ অক্টোবর) বাংলাদেশ ওয়েদার অবজারভেশন সিস্টেম (বিউওওটি) এসব তথ্য জানায়। সংস্থাটি পর্যবেক্ষণের তথ্য অনুযায়ী, দেশের বিভিন্ন বিভাগ থেকে ধাপে ধাপে বর্ষার

বিদায় সম্পন্ন হবে। আগামী ১১ অক্টোবর রাজশাহী ও রংপুর বিভাগ দিয়ে মৌসুমি বায়ু বিদায়ের প্রক্রিয়া শুরু হতে যাচ্ছে। এরপর আগামী ১৩ অক্টোবরের মধ্যে ঢাকা, ময়মনসিংহ, সিলেট, খুলনা ও বরিশাল বিভাগসহ দেশের প্রায় ৭০ থেকে ৮০ শতাংশ এলাকা থেকে ৩ এর পাতায় দেখুন

হরমুজ দিয়ে আবারো চলছে জাহাজ

কবে কমবে পেট্রোল-ডিজেলের দাম?

কীর্তনখোলা ডেস্ক হরমুজ প্রণালি দিয়ে আবার চলাচল করছে তেলবাহী জাহাজ। তবু স্তি ফিরছে না জ্বালানির বাজারে। যুক্তরাষ্ট্রে পেট্রোলের দাম বাড়ছে, ডিজেলের দামও রেকর্ডের কাছাকাছি। শুধু যুদ্ধের কারণে তেলের সরবরাহ কমে যাওয়াই এর কারণ নয়। তেল পরিবহনের খরচ, জাহাজের বিমা, নাবিকদের বাড়তি পারিশ্রমিক এবং বিভিন্ন দেশের শোধনাগারে হামলার কারণে জ্বালানির বাজারে তৈরি হয়েছে নতুন সংকট। সিনএনের বিশ্লেষণ অনুযায়ী, ইরান যুদ্ধের কারণে শুরু হওয়া তেল সরবরাহের সংকট বর্তমানে বড় ধরনের জ্বালানি সংকট রূপ নিয়েছে। এর প্রভাব পড়ছে ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

বরিশালে ক্ষমতাসীনদের শেল্টারেই

চলছে ফ্যাসিস্ট কার্যক্রম

বরিশালের ক্ষমতাসীন দলের কতিপয় নেতার শেল্টারেই সংগঠিত হচ্ছে পতিত কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী সমর্থিত সাংস্কৃতিক সংগঠন। এই সংগঠনগুলো নানান কৌশলে বিএনপির কতিপয় নেতা-নেত্রীকে সাহিত্য-সংস্কৃতির নাম করে বিভিন্ন অনুষ্ঠানে প্রধান অতিথি বানিয়ে নিজেদের স্বার্থ হাসিল করে নিচ্ছে। এ জন্য তারা বরিশালের প্রাককেন্দ্র নগরীর টাউন হল, বরিশাল জেলা শিক্ষকলা একাডেমির মতো প্রসিদ্ধ স্থানগুলো বেছে নিচ্ছে। আর এ অনুষ্ঠানগুলো তারা আওয়ামী আমলের চেয়ে আরো বেশি জাকজমকপূর্ণভাবে পালন করছে।

বরিশালের সাংস্কৃতিক সংগঠন সমন্বয় পরিষদ, যারা সরাসরি তাদের ব্যানারে নৌকার পক্ষে অমি-ডামি আর রাস্তার ভোটের পক্ষে মিছিল করেছিলো তাদেরকি এই এখন মাদদ দিয়ে মাঠে থাকার সুযোগ নিচ্ছেন বরিশালের নেতারা। সাংস্কৃতিক সংগঠন সমন্বয় পরিষদ-এর জন্মকালো এই সব আয়োজনের স্বর্থও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামীলীগ থেকেই আসে। কিন্তু ২ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে দুর্গাপূজার নিরাপত্তা

নিশ্চিত করতে বিশেষ সভা

নূর রাব্বি নাসিম, মেহেন্দিগঞ্জ আসন্ন শারদীয়া দুর্গাপূজা-২০২৬ নিরিখে ও শান্তিপূর্ণভাবে উদযাপন উপলক্ষে মেহেন্দিগঞ্জে আইনশৃঙ্খলা সংক্রান্ত বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১০ অক্টোবর) বিকেল সাড়ে ৩টায় উপজেলা প্রশাসনের উদ্যোগে মাটিমিডিয়া অভিনেত্রীরা কমপ্লেক্সে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হিজলা-মেহেন্দিগঞ্জ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য ও নৌপরিবহন ও সেতু বিভাগের প্রতিমন্ত্রী রাজীব আহসান। মেহেন্দিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. রিয়াজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন ২ এর পাতায় দেখুন

মুখে জিম্মি করে প্রায় ৪০ মণ ইলিশ লুট করা হয়। তাদের অভিযোগ, বরিশাল সদর উপজেলার চরমোনাই ইউনিয়ন সীমান্ত থেকে ভোলায় ইলিশ পর্যন্ত অন্তত পাঁচটি পর্যায়ে বারবার ডাকাতি হচ্ছে। পটুয়াখালীর গলাচিপা উপজেলার পণ্যবাহী ট্রলারের মাঝি শহিদুল মুখা জানান, বরিশালের দক্ষিণাঞ্চলে বর্তমানে ডাকাতি হয় না। বরিশাল সদর উপজেলার চরমোনাই ইউনিয়নের উত্তরে মেঘনায় নামলেই

আতঙ্ক শুরু হয়। বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার শ্রীপুর, বরিশালের হিজলা ও কোদালিয়ায় দূর থেকে পাথর ছুড়ে নৌযান নিয়ন্ত্রণ করে ট্রলার-স্পিডবোটে ঘিরে মালপত্র লুট করা হয়। ভোলার জেলে আব্দুল মান্নান খন্দকার

২ এর পাতায় দেখুন

সুন্দরবনে আলিফ বাহিনীর

১৫ দস্যুর আত্মসমর্পণ

কীর্তনখোলা ডেস্ক অপহরণ-মুক্তিপণ আদায়ের ঘটনা নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতার মধ্যে আলিফ বাহিনীর ১৫ সদস্য আত্মসমর্পণ করেছে। শুক্রবার (৯ অক্টোবর) এসআরবি-৬ এর কাছে আত্মসমর্পণ করেন তারা। শনিবার (১০ অক্টোবর) এসআরবি-৬ এর মিডিয়া সেল থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সুন্দরবনে জলদস্যু ও বনদস্যুমুজ রাখতে গোয়েন্দা নজরদারি এবং অভিযান জোরদার করা হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ধারাবাহিক তৎপরতা ও অপরাধমূলক জীবনের অনিশ্চয়তার কারণে দস্যু বাহিনীর সদস্যরা অপরাধের পথ ছেড়ে স্বাভাবিক জীবনে ফেরার আত্ম প্রকাশ করেন। সুন্দরবনে জেলে, বাওয়ালি ও মৌয়ালসহ বনজীবীদের অপহরণ, মুক্তিপণ আদায় এবং অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ড দীর্ঘদিন ধরে উদ্বেগের কারণ। অতীতে বিভিন্ন দস্যু বাহিনীর সদস্যরা আত্মসমর্পণ করলেও সাম্প্রতিক ২ এর পাতায় দেখুন

বরিশালে ফ্যামিলি কার্ড বাস্তবায়নে

মার্ঠকর্মীদের প্রশিক্ষণ শুরু

কীর্তনখোলা রিপোর্ট বরিশালজেলায় ফ্যামিলি কার্ড বাস্তবায়নের লক্ষ্যে মার্ঠপার্চারের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ শুরু হয়েছে। জেলা ও সদর উপজেলা প্রশাসন এবং সমাজসেবা

অধিদপ্তরের উদ্যোগে শনিবার বরিশাল নগরীর কালিবাড়ী রোডের আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের জেলা প্রশাসক মো.

মামুন খন্দকার। বিশেষ অতিথি ছিলেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা রুপসা শিকদার। জেলার সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহা. ফরিদা সুলতানার ২ এর পাতায় দেখুন

মায়ের সমাধির পাশে জুতা, খালে

মিললো ৩ বছরের শিশুর মরদেহ

নেছারাবাদ প্রতিনিধি দুই মাস আগে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেছেন মারি়তা হালদার। বাড়ির পাশের খালের পাড়ে তাকে সমাহিত করেছিলেন স্বামী অরবিন্দ হালদার। সেই সমাধির কাছেই পড়ে ছিল তিন বছরের ছেলে অরুণের জুতা। ছেলেকে খুঁজতে গিয়ে জুতা দেখতে পেয়ে পাশের খালে তদ্বারি শুরু করেন বাবা। পরে সেই খাল থেকেই উদ্ধার করা হয় অরুণের নিখর দেহ। শনিবার দুপুরে পিরোজপুরের নেছারাবাদ উপজেলার দেহাধী ইউনিয়নের গণকপাড়া ৭ নম্বর ওয়ার্ডের হালদার বাড়িতে এ ঘটনা ঘটে। দুই মাসের ব্যবধানে স্ত্রী ও ছোট ছেলেকে হারিয়ে অরবিন্দ হালদারের পরিবারে নেমে এসেছে শোকের ছায়া। স্থানীয় সুত্রে জানা যায়, অরবিন্দ হালদার পেশায় একজন চা-দোকানি। তাঁর আট বছর বয়সী একটি মেয়ে ও তিন বছর বয়সী ছেলে অরুণ ছিল। প্রায় দুই মাস আগে ডেঙ্গুতে আক্রান্ত হন তাঁর স্ত্রী রিতা হালদার। প্রথমে তাকে নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য নেওয়া হয় বরিশালে। ধারদান করে স্ত্রীর চিকিৎসার সর্বোচ্চ চেষ্টা করেছিলেন অরবিন্দ। কিন্তু শেষ পর্যন্ত তাকে বাঁচতে পারেননি। ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাঙ্গিনপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মেঘনায় ইলিশ রন্ধার অভিযানে

দিচ্ছিল। নদীর সাওয়া এলাকায় পৌঁছালে কয়েকটি নৌকায় একদর জেলে লাঠিসোটা ও ইট নিয়ে কোস্টগার্ড সদস্যদের ওপর হামলা করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কোস্টগার্ড ১০ রাউন্ড ফাঁকা গুলি ছুড়ে জেলদের ধাওয়া করে। খবর পেয়ে মৎস্য দপ্তরের একটি অভিযানিক নৌপুলিশসহ স্পিডবোট নিয়ে ঘটনাস্থলে যায়। এ সময় জেলেরা তাদেরকে লক্ষ্য করেও ইটপাটকেল নিক্ষেপ করে। এতে স্পিডবোটটির সামনের কাচ ও হর্ন ভেঙে যায়। পরে ধাওয়া করে একটি ইঞ্জিনচালিত নৌকাসহ ২ জেলেকে আটক করা হয়। এ ছাড়া নদীতে ফেলে দেওয়া কারেন্ট জাল ও মাছ উদ্ধার করা হয়। জন্ম মাছ এতিমখানায় বিতরণ এবং জাল পুড়িয়ে ধ্বংস করা হয়েছে বলে জানিয়েছেন মৎস্য কর্মকর্তা মোস্তাফিজুর রহমান।

মানুষের সমস্যা, দুর্ভোগ ও প্রত্যাশার সাথে

জোরদার করে সমাজের সকল শ্রেণি-পেশার মানুষের কাছে ইসলামের কল্যাণের বার্তা পৌঁছে দিতে হবে। তিনি বলেন, বরিশাল জেলার সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করতে হবে। রকনদের নিজেদের দায়িত্ব সম্পর্কে সচেতন হওয়ার সাথে মানুষের সমস্যা, দুর্ভোগ ও প্রত্যাশার সঙ্গে সম্পৃক্ত হয়ে কাজ করতে হবে। পরিকল্পিত দাওয়াতি তৎপরতা, গণসংযোগ ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডের মাধ্যমে বরিশাল জেলাকে ইসলামী আন্দোলনের একটি শক্তিশালী দূর্গে পরিণত করতে হবে। তিনি আরও বলেন, সমাজে নায়, ইনসাফ, সত্যতা ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠার জন্য সংগঠনের দায়িত্বশীলদের নিষ্ঠা ও তাদের সঙ্গে কাজ করতে হবে। সাংগঠনিক কার্যক্রমের পাশাপাশি মানুষের পাশে দাঁড়ানোর মাধ্যমে ইসলামের সৌন্দর্য ও কল্যাণের দিকগুলো তুলে ধরতে হবে। সাংগঠনিক কার্যক্রমকে আরও শক্তিশালী ও গতিশীল করতে দায়িত্বশীলদের সম্মিতিভাবে কাজ করতে হবে। সংগঠনের প্রতিটি স্তরে নিয়মিত বৈঠক, পরামর্শ, প্রশিক্ষণ ও দাওয়াতি কার্যক্রম নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর,কেন্দ্রীয় মজলিসে শুরা ও অঞ্চল টিম সদস্য মাওলানা ফখরুদ্দিন খান রাজী,অঞ্চল টিম সদস্য অধ্যাপক শাহ আলম। জেলা সেক্রেটারী মাওলানা মাহমুদরাবি তালুকদারের সঞ্চালনায় সম্মেলনে আরো উপস্থিত ছিলেন জেলা নায়ের আমীর মাস্টার আব্দুল মান্নান ও ড. মাহফুজুর রহমানসহ বরিশাল জেলার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

সিটি করপোরেশনের উদ্যোগকে স্বাগত

এক সংক্ষিপ্ত পথ সভার মাধ্যমে শেষ হয়। সেখানে বক্তব্য রাখেন জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও জেলা বিএনপি নেতা এডভোকেট ওয়াহিদ সরোয়ার কালাম। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, পটুয়াখালী পৌরসভাকে সিটি করপোরেশনে উন্নীত করার উদ্যোগ জেলার মানুষের দীর্ঘদিনের প্রত্যাশার সঙ্গে সম্পৃক্ত। এ উদ্যোগ বাস্তবায়িত হলে পটুয়াখালী শহরের নাগরিক সেবা, অবকাঠামোগত উন্নয়ন ও নগর ব্যবস্থাপনায় নতুন সম্ভাবনা তৈরি হবে বলে তারা আশা প্রকাশ করেন। মিছিল থেকে পটুয়াখালী পৌরসভাকে সিটি করপোরেশনে উন্নীত করার উদ্যোগকে স্বাগত জানানো হয়। পাশাপাশি এ উদ্যোগ গ্রহণের জন্য প্রধানমন্ত্রী তারেক রহমান ও স্থানীয় সংসদ সদস্য আলতাফ হোসেন চৌধুরীর প্রতি কৃতজ্ঞতা ও অভিনন্দন জানানো হয়। এ সময় উপস্থিত নেতাকর্মী ও সাধারণ মানুষ পটুয়াখালীর উন্নয়ন এবং নাগরিক সুযোগ-সুবিধা সম্প্রসারণে এ উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

ভবন ও শিক্ষক থাকলেও বরগুনার

প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, আধুনিক অবকাঠামো থাকলেও সেখানে মোট শিক্ষার্থীর সংখ্যা মাত্র দুজন। পাঁচজন শিক্ষকের মধ্যে উপস্থিত ছিলেন তিনজন; প্রধান শিক্ষক কিংবা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কাউকেই পাওয়া যায়নি। একই ধরনের পরিস্থিতি দেখা গেছে পার্শ্ববর্তী চড়পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়েও। সেখানে মাত্র পাঁচজন শিক্ষার্থীর উপস্থিতিতে দুজন শিক্ষিকাকে দায়িত্ব পালন করতে দেখা যায়, তবে প্রধান শিক্ষক অনুপস্থিতি ছিলেন। শিক্ষার্থী উপস্থিতি ও দায়িত্ব পালনের ক্ষেত্রেও চরম অনিয়মের চিত্র উঠে এসেছে কয়েকটি প্রতিষ্ঠানে। পূর্ব হোসেনাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চারজন শিক্ষকের মধ্যে উপস্থিত ছিলেন দুজন। সেখানে হাজিরা খাতায় চারজনেরই স্বাক্ষর থাকলেও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকাকে একটি খালি শ্রেণিকক্ষে বসেধর ওপর ঘুমিয়ে থাকতে দেখা যায়। অন্যদিকে অপর এক শিক্ষক একই কক্ষে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির মাত্র পাঁচজন শিক্ষার্থীকে একসঙ্গে বসিয়ে পাঠদান করছিলেন। এছাড়া দুপুর আড়াইটায় উত্তর দেশান্তরকাঠী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কোনো শিক্ষার্থী পাওয়া যায়নি; উপস্থিত ছিলেন মাত্র একজন শিক্ষক। পাশের সর্দারপাড়া হাবিবুর রহমান চানমিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষেও ছিল শিক্ষার্থীশূন্য। সরকারি বিদ্যালয়ের প্রতি অনীহার কারণ হিসেবে অভিভাবকেরা শিক্ষকদের অবহেলা ও দীর্ঘ সময়সূচিকে দায়ী করছেন। শিক্ষার্থী মাফুকের মা মরিয়ম ও বাবা সেলিম জানান, সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত দীর্ঘ সময় অবস্থান করতে হলেও সরকারি বিদ্যালয়ে শিশুদের প্রতি যত্ন ও শিক্ষার মান সন্তোষজনক নয়। ফলে বাড়ির কাছে সরকারি স্কুল থাকা সত্ত্বেও বাড়তি খরচ করে কয়েক কিলোমিটার দূরের কিডারগাটেন কিংবা মাদ্রাসায় সন্তানদের পাঠাতে বাধ্য হচ্ছেন তারা। তবে শিক্ষকদের দাবি, এই পরিস্থিতির পেছনে কেবল বিদ্যালয় বা শিক্ষকেরা এককভাবে দায়ী নন। উত্তর দেশান্তরকাঠী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রাজিয়া সুলতানা ও সর্দারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সাইফুল ইসলাম জানান, একই এলাকায় একাধিক বেসরকারি প্রতিষ্ঠান গড়ে ওঠা, কিভারগাটেনে ইংরেজি শিক্ষার ওপর বাড়তি গুরুত্ব এবং অভিভাবকদের মাদ্রাসামুখী প্রবণতার কারণে সরকারি বিদ্যালয়কে শিক্ষার্থী ধরে রাখা কঠিন হয়ে পড়ছে। এছাড়া মধ্য পাঠকাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কামরুন নাহার যোগাযোগব্যবস্থার অননুয়নকে এবং চড়পাড়া স্কুলের সহকারী শিক্ষক মোছা. পারভীন শিক্ষার্থী স্বল্পতায় পাঠদানের অগ্রাহ হারানোর বিষয়টিকে অন্যতম কারণ হিসেবে উল্লেখ করেন। জেলায় প্রাথমিক শিক্ষার সামগ্রিক পরিসংখ্যানেও এই সংকটের স্পষ্ট প্রভাব দেখা যাচ্ছে। বরগুনায় সরকারি ও বেসরকারি মিলিয়ে মোট প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১ হাজার ৪৫টি। এর মধ্যে ৭৯৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মোট শিক্ষার্থী রয়েছে প্রায় ৮১ হাজার ৯০০ জন। এসব সরকারি বিদ্যালয়ে ৫ হাজার ৪৭টি মঞ্জুরকৃত শিক্ষক পদের মধ্যে ৪৬৪টি পদ বর্তমানে শূন্য রয়েছে।

দিল্লিতে আন্তর্জাতিক কনফারেন্সে শেখ হাসিনা

প্রচারিত ছবিটি ২০১৩ সালের জানুয়ারি মাসে রাশিয়ার রাজধানী মস্কোতে দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে শেখ হাসিনার বৈঠকের। অনুসন্ধান রাশিয়ার প্রেসিডেন্টের দাপ্তরিক ওয়েবসাইটে ২০১৩ সালের ১৫ জানুয়ারি প্রচারিত একটি প্রেস রিলিজ পাওয়া যায়। উক্ত প্রেস রিলিজে আলোচিত ছবিটি পাওয়া যায়। প্রেস রিলিজ থেকে জানা যায়, রাশিয়ার রাজধানী মস্কোতে অবস্থিত দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের দাপ্তরিক ভবন ক্রেমলিনে শেখ হাসিনার সাথে ভ্লাদিমির পুতিনের বৈঠকের ছবি এটি। উক্ত সূত্র ধরে অনুসন্ধানে বিবিসি বাংলায় ওয়েবসাইটে একই দিনে প্রকাশিত একটি প্রতিবেদন থেকেও জানা যায়, তখন

শেখ হাসিনা এবং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। পাশাপাশি, ২০২৪ সালের ০৫ আগস্ট দেশত্যাগের পর থেকে দিল্লিতে অবস্থান করলেও এখন পর্যন্ত শেখ হাসিনার প্রকাশ্য আসার খবর পাওয়া যায়নি।

‘মিস্টার মোদি যা খুশি করুন, আপনাকে

আন্দোলন থেকে পেছাবে না। শনিবার (১০ অক্টোবর) দিল্লির যন্তরমন্তরে জড়ো হওয়ার জন্য দিল্লিতে যান করকোচ জনতা পার্টির প্রতিষ্ঠাতা অভিজিৎ দ্বীপকে। এ সময় তাকে বিমানবন্দর থেকে আরও দুই সহযোগীসহ আটক করা হয়। এছাড়া যারাই যন্তরমন্তরের কাছে যাওয়ার চেষ্টা করেছেন, তাদের সবাইকে আটক করা হয়েছে। পুলিশের পক্ষ থেকে ৫ হাজার বিক্ষোভকারীকে আটকের তথ্য দেওয়া হয়েছে। তবে এ ধরপাকড় চালালেও ভারতের বিরোধী দল ও তরুণরা আন্দোলন থামাবে না বলে উল্লেখ করেছেন রাহুল গান্ধী। তিনি এয়েম্ এক ভিডিওতে এ নিয়ে লিখেছেন, “আমি নরেন্দ্র মোদি এবং আরএসএসের বিরুদ্ধে এক দশকের বেশি সময় ধরে লড়াই করছি। আমি তাদের খুব ভালো করে চিনি, যেমনটা আপনারা আপনাদের প্রতিদ্বন্দ্বিরের সামনে পেছনের সুব জানেন, আমি আমার হাতের পেছরের অংগের মতো তাদের জানি। এই মানুষগুলোর প্রধান চিন্তার হলো কপুরুষতা।” “নরেন্দ্র মোদি, অমিত শাহ, মোহন বাঘত, জ্ঞানেশ কুমার এবং অজিত দেভাল, এই গল্পের ভিলেনরা, ধীরে ধীরে বুঝতে পারছে তাদের পরিধি কমে আসছে। আমরা এই পরিধিকাছি।” “মিস্টার মোদি যা খুশি তাই করুন, পুলিশ ডাকুন ১০ হাজার, ২০ হাজার, ৫০ হাজার, আপনার যত খুশি ডাকুন। সব নেতাকে গ্রেফতার করুন, সব তরুণকে গ্রেফতার করুন। আমাদের সবাইকে গ্রেফতার করুন।” “আমরা আপনাকে ঘিরে ধরাছি এবং আমরা পেছান না, আমরা কথা টুকে রানুন, আমাদের যে তথ্যের প্রয়োজন তা আমরা ইতিমধ্যে পেয়ে গেছি।” “আমরা আমাদের সংবিধানকে রক্ষা করব, আমরা ভারতীয়দের বাক স্বাধীনতাকে রক্ষা করব এবং আমরা নিশ্চিত করব গত ১৫-১৬ বছরে ভারতের প্রতি যা হয়েছে, তা আর হবে না।” “ভারতের তরুণরা, আমি তোমাদের নিয়ে গর্বিত, আন্দোলন চাচ্ছে যাও, আমরা তোমাদের পাশে দাঁড়াছি। আমরা নিশ্চিত করব যে সরকার ও তার লোকেরা আমাদের সংবিধানের ওপর হামলা করেছে, তারা পরাজিত হবে।”

চার শিক্ষার্থীকে বিএনপির কার্যালয়ে

পরপরই নবীন শিক্ষার্থীদের কয়েকজন ‘জয় বাংলা’ স্লোগান দেয়। সেই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে স্থানীয় বিএনপির নেতা-কর্মীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। অভিযোগ উঠেছে, গুরুত্বার দুপুরে কলেজের সামনে থেকে ইউনুস আলী খান কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. সাইফুল কাজী ও নবীন শিক্ষার্থী সুজাকে তুলে নিয়ে বিএনপির কার্যালয়ে রাখা হয়। পরবর্তী সময় জুম্মার নামাজ শেষে চুনাখালী মসজিদের সামনে থেকে মো. আসিফ ও মো. তামিম নামের আরও দুই শিক্ষার্থীকে তুলে নিয়ে যাওয়া হয়। নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন প্রতাক্ষদর্শী জানান, বিএনপি নেতা অ্যাডভোকেট মো. জসিম উদ্দিন, অ্যাডভোকেট মাহবুবুল আলম, জালাল ফকিরের ছেলে ফাহাদ ফকির এবং ছাত্রদল ও যুবদলের নেতা-কর্মীরা উপস্থিত থেকে এসব শিক্ষার্থীকে তুলে নিয়ে যায়। ঘটনার সময় উপস্থিত পুলিশ সদস্যরা কোনো পদক্ষেপ নেননি বলেও অভিযোগ করেন তারা। কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাইফুল কাজীর বাবা মো. মাহবুব কাজী বলেন, ‘আমার ছেলেকে বিএনপির কিছু নেতা-কর্মী মহিষকাটা থেকে তুলে নিয়েছে। এখন বিএনপির পার্টি অফিসে আছে। তবে শুনেছি, তাদের থানায় দেওয়া হবে।’ অফিসের পরিবার দাবি করেছে, পার্টি অফিসে দিনভর আটকে রেখে জালাল উদ্দীন ফকিরের উপস্থিতিতে তাদের ওপর নির্ধাতন চালাতো হয়। ইউনুস আলী খান কলেজের অধ্যাপক মো. জাকারিয়া ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ‘আসিফ মো. অ্যাডভোকেট জসিম উদ্দিন, অ্যাডভোকেট মাহবুব ও জালাল ফকিরের ছেলে ফাহাদ ফকিরের নেতৃত্বে নেতা-কর্মীরা সাইফুল কাজী ও সুজা নামের দুই শিক্ষার্থীকে তুলে নিয়ে যান। তাদের থানায় না দিয়ে কোথায় রাখা হয়েছে বা তাদের সঙ্গে কী করা হয়েছে, তা তিনি জানেন না। নির্ধাতনের অভিযোগ অস্বীকার করে উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক জালাল উদ্দীন ফকির বলেন, ‘দলীয় নেতা-কর্মীরা ওদের এনে ঘটনার সঙ্গে জড়িত কি না এবং কারা ইচ্ছন দিয়ে এমন ঘটনা ঘটিয়েছে, তা জিজ্ঞাসাবাদ করা হয়েছে। ওদের বিরুদ্ধে মামলা দিয়ে থানায় সোপর্দ করা হয়।’ আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াকুব হোসাইন জানান, চারজকে গ্রেফতার করে বিশেষ আইনে মামলা করা হয়েছে। তাদের শনিবার আততালী সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে সোপর্দ করা হয়েছে।

দৌলতখানে অস্ত্র ও মাদক

নিশ্চিত করেছেন দৌলতখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফকরুল ইসলাম। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে রাতে উপজেলার চরপাতা ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ ভবনের দক্ষিণ পাশে অভিযান চালায় পুলিশ। সেখানে একটি পাকা রাস্তার ওপর থেকে মো. রাজিব মাঝিগে আটক করা হয়। আটক রাজিব মাঝি ওই এলাকার মৃত শাহজাহান মাঝির ছেলে। অভিযানকালে একটি সুইচগিয়ার চাকু, একটি মোটরসাইকেল, একটি স্মার্টফোন এবং মাদক বিক্রির নগদ ৩৪ হাজার ১৫০ টাকা জব্দ করা হয়। পুলিশ আরও জানায়, রাজিব মাঝি মাদক সেবন করছেন কি না, তা নিশ্চিত হতে দৌলতখান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নিয়ে ডোপ টেস্ট করানো হয়। টেস্টের ফলাফলে মাদক সেবনের প্রমাণ মেলে। দৌলতখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফকরুল ইসলাম জানান, আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা করা হয়েছে। জব্দ করা আলামতুল্লো বিধিমোতাবেক থানার মালখানায় পিস্তার মুলে জমা রাখা হয়েছে এবং আসামিকে আদালতে পাঠানো হয়েছে।

বরিশালে ২১ জেলার শিক্ষার্থীদের

বরিশাল সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, অ্যাডভেটিস্ট ইন্টারন্যাশনাল মিশন স্কুল, শেরে বাংলা বালিকা উচ্চবিদ্যালয়সহ ২১টি বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। পাশাপাশি জাহানারা ইসরাইলি স্কুল অ্যান্ড কলেজ, কাশীপুর হাইস্কুল অ্যান্ড কলেজ, জগদীশ সার্ব্বত বালিকা বিদ্যালয় ও কলেজ, বরিশাল সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজসহ ৬টি কলেজের শিক্ষার্থীরাও এতে অংশগ্রহণ করেন। এ ছাড়া সরকারি সৈয়দ হাফেজ আলী কলেজ, বরিশাল কলেজ, অমৃত লাল দে কলেজ, বরিশাল সরকারি মহিলা কলেজ, সরকারি ব্রজমোহন কলেজসহ ১১টি কলেজের শিক্ষার্থীরা এই প্রোগ্রামিং কনটেন্ট অংশ নেন। সকাল ১০টায় প্রোগ্রামিং কনটেন্ট শুরু হয়ে চলে দুপুর ২টা পর্যন্ত। এ ছাড়া বেলা আড়াইটা থেকে বিকেল ৩টা পর্যন্ত চলে আইসিটি ট্যালেন্ট হান্ট কুইজ প্রতিযোগিতা। পরে বিকেল ৪টায় ইউনিভার্সের মধ্যে সনমিত বরিশাল বিভাগ করা হয়। ইউনিভার্সিটি প্রোগ্রামিং কনটেন্ট চ্যাম্পিয়নদের ২০০০০, প্রথম রানারআপদের ১৫০০০ ও তৃতীয় রানারআপদের ১০০০০ টাকা পুরস্কার দেওয়া হয়। জুনিয়র প্রোগ্রামিং কনটেন্ট চ্যাম্পিয়নদের ১০০০০ টাকা ও আইসিটি ট্যালেন্ট হান্ট কুইজ চ্যাম্পিয়নদের ৫০০০ টাকা পুরস্কার প্রদান করা হয়। ইউজিভির উপাচার্য ড. আব্দুল বাকীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. মো. ইমরান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন জেলায়র প্রফেসর ড. রাবেয়া বেগম, রেক্সিজিয়ার প্রফেসর ড. মো. সৈয়দ আলী মোল্লা প্রমুখ।

পুলিশের অভিযানে গ্রেফতার

তথ্য অনুযায়ী, গ্রেফতার ব্যক্তিদের মধ্যে ১৯ পিস ইয়াবা ট্যাবলেটসহ একজন, গ্রেপ্তার পরোয়ানাভুক্ত দুজন, নিয়মিত মামলার দুজন এবং বরিশাল মহানগর অধ্যাদেশে আটজন রয়েছে। সব মিলিয়ে অভিযানে ১৩ জনকে গ্রেফতার করা হয়েছে। নগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং অপরাধ দমনের লক্ষ্যে বিএমপির চারটি থানা ও গোয়েন্দা শাখার বিশেষ আভিযানিক দল এসব অভিযান পরিচালনা করে। মাদকসংক্রান্ত কোনো তথ্য থাকলে পুলিশকে জানানোর আহ্বান জানিয়েছে বিএমপি। তথ্যাদাতার পরিচয় গোপন রাখা হবে বলে জানিয়েছে সংস্থান্টি।

ভাণ্ডারিয়ায় ফ্যামিলি কার্ড বাস্তবায়নে

সভায় উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো.হাসিবুল হাসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো.মতিউর রহমান,প্রবীণ সমাজ সেবক মো.জুলফিকার আলী হায়দার হাওলাদার ও মো. লাকমান হোসেন প্রমুখ। আলোচনা সভা শেষে প্রথম পর্যায়ে উপজেলার ১নম্বর ভিটাবাড়িয়া,৫নম্বর ধওয়া ও ৭নম্বর গৌরীপুর এ তিন ইউনিয়নে তিন জন সুপারভাইজার এবং ১২জন তথ্য সংগ্রহকারীদের মাঝে ট্যাব বিতরণের পর দুই দিনন ব্যপি প্রশিক্ষণ আনুষ্ঠানিক ভাবে শুরু হয়। সকাল দশটায় শুরু হয়ে বিকাল পাঁচটায় শেষ হয়।

নিখোঁজের দুই দিন পর

ধাকতে পারে। তবে তাঁর মৃত্যুর সঠিক কারণ সম্পর্কে এখনো নিশ্চিত হওয়া যায়নি। নিহতের বাবা রফিক সিকদার এটিকে পরিকল্পিত হত্যাকাণ্ড বলে অভিযোগ বলেন, ‘আমি এলাকায় মেঘার পদে নির্বাচন করার প্রস্তুতি নিচ্ছিলাম। ফেসবুকে এর পোস্টার ছাড়ার পর থেকেই স্থানীয় একটি মহলের সঙ্গে শত্রুতা বেড়ে যায়। তাদের সঙ্গে আকাশেরও দ্বন্দ্ব তৈরি হয়। আমি এই পরিকল্পিত ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত বিচার চাই।’ পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করেছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়া যাবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

অভিযানের আতঙ্কে দৌড়ে পালাতে

ধরে হৃদরোগ ও স্ট্রোকজনিত সমস্যায় ভুগছিলেন। সম্প্রতি তাঁর চোখে অস্ত্রোপচারও করা হয়েছিল। নিহতের পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, রাত অনুমানিক ২টার দিকে ফরিদ তালুকদার অমুয়া ইউনিয়নের হোনাট্টা এলাকার ‘বাকার ভারানী’ খালে মাছ ধরার জন্য বাঁধাধরা বসান। সকাল ছয়টার দিকে খালের মধ্য দিয়ে একটি ইঞ্জিনচালিত ট্রায়ারের শব্দ পান তিনি। এতে তিনি ধারণা করেন, মৎস্য কর্মকর্তা অভিযানে আসছেন। অভিযানের ভয়ে তিনি দ্রুত নৌকা থেকে নেনে খালের পাড়ে উঠে দৌড় দেন। দৌড়ানোর সময় ফরিদ তালুকদার তাঁর ভাই আবদুর রহমান তালুকদারকে মেবাইলে ফোন করে বলেন, “আজ মনে হয় আমার জালটা নিয়ে যাবে।” ফোন পেয়ে আবদুর রহমান খালের পাড়ে গিয়ে দেখেন, সেখানে কোনো মৎস্য কর্মকর্তা আসেননি এবং ফরিদ তালুকদারের ব্যবহৃত নৌকাটি খালের মাঝখানে খালি পরিস্থিতি রয়েছে। পরে ভাইয়ের ফোনে বারবার কল করা হলেও তিনি রিসিত করেননি। পরবর্তী সময়ে পরিবারের সদস্যরা ফরিদ তালুকদারকে খুঁজতে বের হন। সকাল সাড়ে আটটার দিকে নৌকা থেকে আনুমানিক ৫০ ফুট দূরে হোনাট্টা গ্রামের সালামা প্যাদার একটি বাগানে তাকে উণ্ডু হয়ে পড়ে থাকতে দেখা যায়। মৃত্যু নিশ্চিত হতে সকাল সাড়ে নয়টার দিকে টুলারযোগে তাঁকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। তবে সেদিন ওই এলাকায় মৎস্য বিভাগের কোনো অভিযান ছিল না বলে জানিয়েছে উপজেলা মৎস্য দপ্তর। এ বিষয়ে উপজেলা মৎস্য কর্মকর্তা নাহিদা আক্তার বলেন, “আমরা রাতে আওরাবুিয়া ইউনিয়নে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মকবুল হোসেন স্যারসহ অভিযান পরিচালনা করেছি। আমাদের কোনো টিম অমুয়া ইউনিয়নে অভিযানে যায়নি।’ ঘটনার সত্যতা নিশ্চিত করে কাটাঠালিয়া থানার সেকেন্ড অফিসার এসআই সোহেল রানা জানান, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় লাশ দাফনের জন্য স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

বাউফলে ইলিশ ধরায় দুইজনের

ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাইয়েদ মাহমুদ বুঝবুল। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা এম এম পারভেজ।আটক ব্যক্তিরা হলেন বরিশালের বাকেরগঞ্জ উপজেলার গোবিন্দপুর ইউনিয়নের চরলক্ষীবর্দন গ্রামের মো. মামুন ইসলাম(২৩), মো. কামাল হোসেন (২৫), মো. রবিউল মুখা (৩৩) ও মো. মোহাম্মদ খান (১৫)। নির্বাহী ম্যাজিস্ট্রেট সাইয়েদ মাহমুদ বুঝবুল জানান, আটক চারজনের মধ্যে দুজনকে ২০ দিন করে কারাদণ্ড দেওয়া হয়েছে। অপর দুজন কিশোর হওয়ায় মচলেকা নিয়ে তাঁদের পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।আইনি বিধান: ইলিশের প্রজনন নির্বিঘ্ন করতে সরকার ৮ থেকে ২৯ অক্টোবর ২০২২ পর্যন্ত ২২ দিনের জন্য সারা দেশে মাছ ধরার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। এ নিষেধাজ্ঞা মৎস্য সংরক্ষণ ও সুরক্ষা আইন, ১৯৫০-এর অধীন প্রণীত মৎস্য বিধিমালা, ১৯৮৫-এর ১৩ বিধি অনুসারে কার্যকর করা হয়েছে। মৎস্য সংরক্ষণ ও সুরক্ষা আইন, ১৯৫০-এর ৫(১) ধারায় আইনের ও ধারার অধীন প্রণীত বিধি বা ৪ ধারার অধীন জারি করা নিষেধাজ্ঞা লঙ্ঘনের জন্য সর্বোচ্চ দুই বছর সশ্রম কারাদণ্ড, সর্বোচ্চ পাঁচ লাখ টাকা জরিমানা অথবা উভয় দণ্ডের বিধান রয়েছে।

প্রাণিসম্পদ কর্মকর্তা এনসিপির

চরফ্যাশন উপজেলা আহ্বায়ক কমিটির আংশিক অনুমোদন দেওয়া হয়েছে। সাত সদস্যের এ কমিটিতে বিভিন্ন পদে দায়িত্ব বণ্টন করা হয়। এতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে সফিউল্লাহ জগলুর নাম রয়েছে। সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর বিধি ২৫(১) অনুযায়ী, কোনো সরকারি কর্মচারী কোনো রাজনৈতিক দল বা এর অঙ্গসংগঠনের সদস্য হতে পারবেন না। এমনকি দেশ বা বিদেশে কোনো রাজনৈতিক কর্মকাণ্ডে সরাসরি বা পরোক্ষভাবে অংশ নিতে কিংবা সহায়তা করতে পারবেন না। তবে সরকারি চাকরিতে থাকা অবস্থায় সফিউল্লাহ জগলুর নাম কীভাবে দলীয় কমিটিতে অন্তর্ভুক্ত হলো, তা নিয়ে আলোচনা তৈরি হয়েছে। এ বিষয়ে এনসিপির ভোলা জেলা আহ্বায়ক আডভোকেট মো. জিয়াউর রহমান বলেন, ‘বিষয়টি আমি শুনেছি। আমাদের কাছে নামের তালিকা এসেছে। তবে যাচাই-বাছাইয়ে আমাদের ভুল ছিল। সরকারি চাকরিজীবীদের রাজনীতিতে যুক্ত হওয়ার সুযোগ নেই।’ এনসিপির চরফ্যাশন উপজেলা কমিটির আহ্বায়ক অহিদ ফয়সাল বলেন, ‘তিনি সরকারি চাকরি করেন। আমাদের রাজনীতিতে তার মৌন সম্মতি রয়েছে। তবে তাঁর নাম ও ফোন নম্বর ভুলবশত কমিটিতে অন্তর্ভুক্ত হয়েছে।’ সফিউল্লাহ জগলুর মোবাইল ফোনে একাধিকবার কল করা হলেও তিনি সাড়া দেননি। কোনো এ বিষয়ে তাঁর বক্তব্য জানা সম্ভব হয়নি। চরফ্যাশন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. রাজন আলী বলেন, ‘বিষয়টি আমার নজরে এসেছে। প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করছি।’ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মো. রফিকুল ইসলাম বলেন, ‘আমাকে সরকারি ম্যানুয়াল দেখতে হবে এবং তাঁর অবস্থানও যাচাই করতে হবে। আমি বিষয়টি দেখছি।’

মৌসুমি বায়ুর বিদায়ে দিনে গরম

মৌসুমি বায়ু বা বর্ষা বিদায় প্রক্রিয়া সম্পন্ন হতে পারে। আর সর্বশেষে চট্টগ্রাম বিভাগের দক্ষিণ অংশ থেকে আগামী ১৩ থেকে ১৭ অক্টোবরের মধ্যে বিদায় নিতে পারে বর্ষা। বিভট্রিউওটি জানায়, মৌসুমি বায়ু বিদায়ের পর উল্লিখিত এলাকাগুলোতে বৃষ্টির পরিমাণ উল্লেখযোগ্যভাবে কমে যাবে। তবে নতুন কোনো নিম্নচাপ, ঘূর্ণিঝড় বা বিশেষ পরিবেশ সৃষ্টি হলে সাময়িকভাবে আবার বৃষ্টির সম্ভাবনা তৈরি হতে পারে। মৌসুমি বায়ু বিদায়ের পর আপাতত দেশের ওপর নতুন করে কোনো বড় ধরনের প্রাকৃতিক দুর্যোগের আশঙ্কা নেই। আগামী অক্টোবরের ১৫ তারিখ পর্যন্ত বাংলাদেশে কোনো লম্বচাপ, নিম্নচাপ বা ঘূর্ণিঝড় সৃষ্টির সম্ভাবনাও পাওয়া যায়নি। তবে মৌসুমি বায়ু বিদায় নেওয়ার সঙ্গে সঙ্গেই সাগরে নতুন সিস্টেম তৈরির প্রক্রিয়া শুরু হতে পারে। এদিকে মৌসুমি বায়ু বিদায়ের পর দেশের সার্বিক আবহাওয়াতে একটি বড় ধরনের পরিবর্তন লক্ষ্য করা যেতে পারে জানিয়েছে বিভট্রিউওটি। এই সময় দিন এবং রাতের তাপমাত্রার মধ্যে ব্যাপক পার্থক্য তৈরি হবে। দিনের বেলায় তাপমাত্রা বেশ বেড়ে যাওয়ার কারণে প্রচণ্ড গরম অনুভূত হবে, কিন্তু মাঝরাতে আবহাওয়া অনেকটা ঠাণ্ডা ও আরামদায়ক হয়ে উঠবে। দিনের গরম ও রাতের ঠাণ্ডার এই তারতম্যের কারণে সারা দেশে বড় ধরনের স্বাস্থ্যঝুঁকি তৈরি হতে পারে। এই আবহাওয়ার পরিবর্তনের কারণে দেশজুড়ে সাময়িকভাবে জ্বর, সর্দি ও কাশির মতো অসুস্থতা অনেক বেড়ে যেতে পারে। যদিও সব বয়সের মানুষই এতে আক্রান্ত হতে পারে, তবে শিশু এবং বয়স্করা সবচেয়ে বেশি অসুস্থ হয়ে থাকেন। তাই এই ঋতু পরিবর্তনের সময়ে নিজের এবং পরিবারের সব সদস্যের দিকে বাড়তি খেয়াল রাখতে হবে এবং শিশুদের আলাদা যত্ন নিতে হবে বলেও জানিয়েছে সংস্থান্টি।

ভাণ্ডারিয়ায় ভ্রাম্যমান আদালতে জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি পিরোজপুরের ভাণ্ডারিয়া গতকাল দুপুরে অবৈধভাবে নকল ভিটারজেন্ট বিক্রি করায় মো. নাসির উদ্দিন নামের এক ব্যক্তিকে ৩০হাজার টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমান আদালত। আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ইউএনও মো. হাসিবুল হাসান। স্থানীয় ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার গাজীপুরা গ্রামের মৃত ইউনুস বিশ্বাসের ছেলে নাসির উদ্দিন বিক্রি করানোর বিরুদ্ধে এলাকায় অবৈধ ভাবে তৈরি ডেজাল ও নকল ভিটারজেন্ট বিক্রি করে আসছিল। গতকাল শনিবার হাটের দিন দুপুর আরাইটার দিকে ভাণ্ডারিয়া বাজারে জেলা পরিষদ মার্কেটের সামনে একটি দোকানে উক্ত পণ্য বিক্রির সময় তাকে আটক করা হয়। এবং অবৈধ মাল জব্দ করা হয়। পরে ভোক্তা অধিকার আইনে তাকে জরিমানা করা হয়।

ঝালকাঠিতে ডেঙ্গু অভিযানে চার মামলায় জরিমানা

ঝালকাঠি প্রতিনিধি

ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা কার্যক্রমের অংশ হিসেবে ঝালকাঠিতে সচেতনতামূলক র্যালি ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেছে জেলা প্রশাসন। এ সময় অপরিস্ক্ষম পরিবেশে ময়লা-আবর্জনা ফেলে রাখার দায়ে চারটি মামলায় মোট ৬ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়েছে। শনিবার (১০ অক্টোবর) সকাল ১১টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে অভিযানের উদ্দেশ্যে একটি র্যালি বের হয়। এতে নেতৃত্ব দেন জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন। এ সময় শহরের ফায়ার সার্ভিস মোড়, রোনালস রোড, প্রেসক্লাবের সামনের এলাকা, পৌর সিটি পার্ক ও এর আশপাশের এলাকায় অভিযান পরিচালনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা কার্যক্রমের অংশ হিসেবে এ কর্মসূচির আয়োজন করা হয়। এতে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. বশির গাজী, জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক আনজুমান নেছা, সিনিয়র সহকারী কমিশনার মো. উবারুল হক রহমান সালেহ এবং সহকারী কমিশনার (শিক্ষানবিশ) ও এন্ট্রিকুটিউভ ম্যাজিস্ট্রেট মো. খালিদ সাইফুল্লাহ নাসিমসহ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্য, পৌরসমতার কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় সচেতন নাগরিকেরা অংশ নেন। অভিযান চলাকালে শহরের বিভিন্ন স্থানে অপরিস্ক্ষম পরিবেশ, দোকান ও অফিসের সামনে অপ্রয়োজনীয় কাগজপত্রসহ ময়লা-আবর্জনা এবং জমে থাকা পানির জন্য আইন অনুযায়ী চারটি মামলায় মোট ৬ হাজার ৫০০ টাকা জরিমানা করা হয়। জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন বলেন, ডেঙ্গুর বিস্তার রোধে মশার প্রজননস্থল ধ্বংস করার পাশাপাশি বাড়িঘর, কর্মস্থল ও আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা অত্যন্ত জরুরি। এ জন্য জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি সবাইকে সচেতনভাবে কাজ করতে হবে। এককভাবে কারও পক্ষে ডেঙ্গু প্রতিরোধ করা সম্ভব নয়। জনস্বাস্থ্য সুরক্ষা ও ডেঙ্গুর বিস্তার রোধে জেলা প্রশাসনের পক্ষ থেকে সচেতনতামূলক কার্যক্রম এবং পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখার কথা জানায় জেলা প্রশাসন।

ডেঙ্গুতে মৃত্যু ৩০০ ছুঁইছুঁই

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও চারজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ২৯৯ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ৬৩১ জন। শনিবার (১০ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে ২৯৯ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে অক্টোবরের প্রথম ৯ দিনে মারা গেছে ৫৪ জন। এছাড়া সেপ্টেম্বরে সর্বোচ্চ ১৪৮ জন, আগস্টে ৪৩ জন, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে বলা হয়, শুক্রবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ১ হাজার ৬৩১ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৯৭ হাজার ৮২ জনে। একই সময়ে সৃস্থ হয়ে হাসপাতাল থেকেছেন ১ হাজার ৬২৭ জন। এখন পর্যন্ত মোট ৯১ হাজার ৭ জন সৃস্থ হয়ে বাড়ি ফিরেছেন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে ৭০৩ জন। এছাড়া চব্বিশজন ২৩৪ জন, খুলনায় ১৮৪ জন, বরিশালে ২১৯ জন, রাজশাহীতে ১৪১ জন, ময়মনসিংহে ৬১ জন এবং রংপুরে ৭৫ জন রোগী ভর্তি হয়েছে।

কীৰ্তনখোলা ডেস্ক
তরুণ আন্দোলনকারীদের ওপর ধরপাকড় চালানোয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ব্যাপক সমালোচনা করেছেন ভারতের বিরোধী দলীয় নেতা রাহুল গান্ধী। তিনি বলেছেন, মোদি ১০, ২০ বা ৫০ হাজার যত পুলিশই আনুক, তরুণরা তাদের ও এর পাতায় দেখুন

কীৰ্ত্তনখোলা বিপোত	আমীর মাওলানা আব্দুল হেলাল বলেন, সংগঠনের
বাংলাদেশ জামায়াতে ইসলামী	জমাবাদের প্রধান অনুষ্ঠিত
বিশাখা জেলা শাখার উদ্যোগে	সম্মেলনে শরণা অতিথি হিসেবে
করুন সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।	উপস্থিত ছিলেন বাংলাদেশ
শুবাৰ (১০জুন) সন্ধ্যা	জামায়াতে ইসলামীর কেন্দ্রীয়
৯.৩০ মিনিটে বিপশাখা নদীর	নেতৃবী পরিষদ সদস্য ও সহকারী
বিশাখা ক্লাব অফিসারিয়েস	ফকিরহী জেনারেল হ্যাডাল.
সম্মেলন অনুষ্ঠিত হয়। বাংলাদেশ	মুয়াযযযয হোসাইন এয়াড.
জামায়াতে ইসলামীর কেন্দ্রীয়	প্রধান অতিথির বক্তব্যে
মজলিসে গাৱ সদস্য ও জেলা	প্রাণাভোক্তে মুয়াযযয হোসাইন

পিরোজপুরের ভাঙরিয়ায় বর্তমান সরকারের ফ্যামিলি কার্ড বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে সঠিকভাবে পরিবারের তথ্য সংগ্রহ,চ্যাবের সঠিক ব্যবহার ও ডিজিটাল পদ্ধতিতে তথ্য এন্ট্রি করার নিয়মকানুন সম্পর্কে পুরোভাঙরিয়া ও তথ্য সংগ্রহকারীদেরই দীর্ঘ দিন ব্যাপি প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। এ উপলক্ষে গতকাল শনিবার সকালে উপজেলা প্রাঙ্গন ও সমাজসেবা দপ্তরের যৌথ উদ্যোগে উপজেলা অডিটরিয়ামে এর আলোচনা ও এর গাভায় দেখুন

কর্তৃপক্ষের বিরুদ্ধে বিশেষ অভিযান চালিয়ে ১৯ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারের মোট ১৩ জনকে গ্রেফতার করেছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বরমপুলি) থানাও (৯ অক্টোবর ২০২২) মনোহরপুরি বিন্দু নামের বিএমপি চারটরা খাবা ও গোয়েন্দা শাবার (ডিবি) পৃথক অভিযানে তাদের গ্রেফতার করা হয়। শনিবার (১০ অক্টোবর ২০২২) বিএমপি মিন্ডের সোল থেকে পাওয়া এক সন্ধান বিজ্ঞতত্ত্ব এ তথ্য জানানো হয়েছে। পুলিশের পেষাণা ও এর পাতাও দেউন

[illegible]

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি **নিউ লাইফ**

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বরিশাল ॥ রবিবার ॥ ১১ অক্টোবর ২০২৬ ॥ ২৬ আশ্বিন ১৪৩৩

দুর্ভিক্ষ বা ভাঙিখনি দুর্ভিক্ষান্ন নষ্টন ভরন, আধুনিক (শৈলিক) ও পর্যাপ্ত অবকাঠামো মধ্য স্তরের বরফান্ন বহা সরকার প্রাথমিক বিদ্যালয় মারাত্মক শিক্ষার্থী সংকেত ভুক্ত। জেলার বেশ কিছু প্রতিষ্ঠানও পুরো বিদ্যালয়	শিক্ষার্থীর সংখ্যা মাত্র থেকে পাঠ্যক্রমে নেমে এসেছে: কোথাও আবার দুপুরের আগেই ফাঁকা হয়ে পড়ছে শৈলিক। পর্যাপ্ত অবকাঠামোর বস্ত্রীতে এমন শূন্যতার পাশাপাশি শিক্ষকের নিয়মিত উপস্থিতি, পাঠদানের মত ও প্রাধানিক ভাবারিক নিয়ে	গ্রন্থ হ্রাসেছে অভিভাবক। এর সরকারি বাবদার ও পুর হারিয়ে অভিভাবকরা অন্যান্স কিভাবেগাটনে ও মাদ্রাসা করহেন। বরফান্ন উপকারের মধ্য পাঠ্যক্রম সরকারি ও এতাদ্যার দেহন
--	---	---

কীর্তনখোলা রিসার্চ

বিশেষভাবে ইন্টারেস্টিং অব গ্যোবাল ভিলেজ (ইউজিভি)-এর কম্পিউটার সারেন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (পিএসই) বিভাগের আরোজনে তৃতীয় সপ্তকে প্রোগ্রামিং কার্টেস অসিগিট ট্যালেন্ট হাউস ২০১৬ অনুষ্ঠিত হয়েছে। শনিবার ইউজিভি ক্যাম্পাসের ব্লক-২এ অনুষ্ঠিত প্রোগ্রামিং কার্টেসে অংশগ্রহণ করেন দক্ষিণাঞ্চলের ১১টি জেলার ছাত্রদের মুদু, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা। আরোজনের জানান, দক্ষিণাঞ্চলের তরুণদের মধ্যে সমস্যা সমাধানের দক্ষতা ও প্রোগ্রামিং চর্চা বাড়ানোর জন্য এ প্রতিযোগিতার আয়োজন হয়েছে। এতে বিশেষজ্ঞ জিয়া মুন্সাজ ও তার পাঠ্য দেবেন।

বাইফল প্রতিনিধি
সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ শিকারের অভিযোগে
সুন্দরগঞ্জের বাউফলে তেঁতুলিয়া নদীতে অভিযান চালিয়ে চারজনকে
আটক করেছে ভ্রাম্যমাণ আদালত। তাদের মধ্যে দুজনকে ২০ দিন
করে কারাগারে দেওয়া হয়েছে। অপর দুজন কিশোর ইলিশ মূলচলা
নিয়মে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। শনিবার (১৫ অক্টোবর)
সকাল ১০টার দিকে তেঁতুলিয়া নদীর পরিত্যক্ত স্থানে অভিযান চালিয়ে
তাদের আটক করা হয়। ভ্রাম্যমাণ আদালত অভিযান করেন বাউফল
উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এ ওর পাতার সূরেন



অধ্যাপক ডা. এত.প্রি.জব্বার

এমবিবিএস (ঢাকা) ডি. (ডাউনমিড)
এমডিপি (ইউএসএ) ব্রিটিশ ইন
অবিসেস (আমেরিকা বোইজ টাউন)
অবসাইট (ঢাকা) ফারোকা ও প্রাকোমা
ফেনো, জাতীয় চক্ক বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা
ও এস.বি ন্যাশনাল কমিউনিকেশন ও পোকা সেবা
পদবীভাঙ্ক

**মাথা বাথা, গ্লোকেমা,
ফ্যাকো সার্জান ও চক্ক
শিথেশজ**

বিভাগীয় প্রধান:
সের-ই বাবো ডাউনমিড কলকাতা মাসপাতরন (এক্স) বরিশান
সাইট এমপেডো ডাউনমিড কলকাতা ও হাসপাতরন বরিশান

বরিশান ফ্রয়ার: **মোহা ডায়াগনোস্টিক ল্যাব**

৪০ সঙ্গ সঙ্গ (মোটর অফি ইন) এর (বিশিষ্ট) বরিশান | বরিশান অফিস ০১৮০০০০০০, ০১৮০০০০০০

সম্প্রতি, দিল্লিতে আন্তর্জাতিক কনফারেন্সে শেখ হাসিনা দাবিতে একটি ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। তবে অনুসন্ধানে জানা যায়, প্রচারিত ছবিটি সাম্প্রতিক সময়ের নয়, এমনকি ছবিটি দিল্লিরও নয়। ৩ এর পাতায় দেখুন

বাবুর বিকেলে	পটুয়াখালী প্রাচীন
বাবুর হিজলা	পটুয়াখালী পটুয়াখালী সিনে কলেজের উন্নীত করার উদ্যোগ
জগন্নাথের মেঘনা	এক ভবন ও বিষয়ে প্রধানমন্ত্রীর প্রাথমিক সম্মতি পাওয়ার প্রধানমন্ত্রী
সাবুর	ভাষার বহমান ও পটুয়াখালী-১ আসনের সনদ সদস্য প্রধানমন্ত্রী
কায় এই ঘটনা	মার্শাল (বর) আলগত হোসেন চৌধুরীর অভিনয় ও শুভেচ্ছা
আটক ২	জীবনের আনন্দ বিলুপ্ত হয়েছিল পটুয়াখালী-১ শহরের সুবিধা
নাম	জন থেকে মিছিলটি শুরু হয়ে পৌর শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ
চৌধুরী চৌধুরী	শেষে এই ছাত্র এসে শেষ হয়। মিছিলে বিএনপি ও এর অঙ্গ
শাহ আনাম	সহযোগী সংগঠনের নেতাকর্মীদের পটুয়াখালীর বিভিন্ন এলাকা
রাম্যাম	সর্বশেষের মানুষ অংশ নেন। মিছিলটি শুধুরে প্রধান প্রধান শহর
মায়ের মায়ের	প্রদক্ষিণ শেষ হওয়ায় বাবুর চতুর্থ ও চতুর্থ প্রদান পটুয়া

শিল্পের বিকাশে।
জাতি বৈশিষ্ট্যের
উজ্জীৱিত বলে
বাবার অভিযোগ
দিনৱ ৯৮টির
শিক্ষার্থীরা
পুলিশের কাছে
এর মালিকানা

[illegible]

“সহযোগী কর্মসিদ্ধি দেশোদয়ী জ্ঞানময় জগৎ ব’র”
 “সহযোগিতাবাদ প্রবর্তিত হইয়াছে ইতিমধ্যে ইতিমধ্যেই প্রচলিত, আসলে উচ্চাকাঙ্ক্ষা
 ব’র, যেহেতু দেশের শাসন, জাতিবিশিষ্ট ইতিহাস এবং জনসাধারণের বিভিন্ন দৃষ্টি পূরণ করায়।

বিভাগীয় প্রতিনিধি সভা

১. এ্যাড. ইমরান কোয়েদার যোগেন কোশলি, ডাঃ মাহবুব, শীলিন খান্না ও বৃহৎ সমাজ সংসদ, প্রকাশিত একটি বই।
 ২. মোঃ আফজাল হোসেন। এ্যাড. হোসেনের বক্তব্যে উল্লেখ করা হয় যে, দেশের একটি একটি বই।
 ৩. মুহাম্মদ হোসেন কোয়েদার যোগেন কোশলি, ডাঃ মাহবুব, শীলিন খান্না ও বৃহৎ সমাজ সংসদ, প্রকাশিত একটি বই।
 ৪. শীলিন খান্নার, হুসেন, হুসেনের উচ্চাকাঙ্ক্ষা ব’র, যেহেতু দেশের শাসন, জাতিবিশিষ্ট ইতিহাস এবং জনসাধারণের বিভিন্ন দৃষ্টি পূরণ করায়।

৫. শীলিন খান্নার, হুসেন, হুসেনের উচ্চাকাঙ্ক্ষা ব’র, যেহেতু দেশের শাসন, জাতিবিশিষ্ট ইতিহাস এবং জনসাধারণের বিভিন্ন দৃষ্টি পূরণ করায়।

ভিত্তি-সমাজজাতিক-সহযোগিতাবাদ-বিভাগীয় বিভাগ

স্বত্বিক দল জেএসডি'র বরিশাল বিভাগের বিভাগীয় প্রতিনিধি সভা অনুষ্ঠিত -কীর্তনখোলা

মহৎসা
টালিয়ায় মংস্য
খোনের আতঙ্কে
ত গিয়ে এক
য়েছে। শনিবার
সকালে
ইউনিয়নের
জায় এ ঘটনা
জলে হৃদরোগে
এবং অভিযানের
তঙ্কে সৌভাগ্যে
রন বলে ধারণা
নিহত জেলের
তালুকদার
ন কাটািলিয়া
নিয়া গ্রামের (চ
বাগিচায়। তিনি
র পাঠ্যে শ্বেখন

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
 মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মূল্য ৩০ ও বার্তা কার্যালয় : সৌভদ্র লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com